# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৪৩৭

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৪৫. নাপাক ব্যক্তি কুরআন স্পর্শ করবে না

بَابٌ فِي نَهْيِ الْمُحْدِثِ عَنْ مَسِّ الْقُرْآنِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ مَخْلَدٍ ، نَا الصَّاغَانِيُّ ، ثَنَا شُجَاعُ بْنُ الْوَلِيدِ ، ثَنَا الْأَعْمَشُ ، وَثَنَا مُحَمَّدُ بْنُ مَخْلَدٍ ، نَا إِبْرَاهِيمُ الْحَرْبِيُّ ، نَا ابْنُ نُمَيْرٍ ، ثَنَا أَبُو مُعَاوِيَةَ ، ثَنَا الْأَعْمَشُ ، عَنْ إِبْرَاهِيمَ ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ يَزِيدَ ، عَنْ سَلْمَانَ ، قَالَ : كُنَّا مَعَهُ فِي سَفَرٍ ، فَانْطَلَقَ فَقَضَى حَاجَتَهُ ، ثُمَّ جَاءَ ، فَقُلْتُ : أَيْ أَبَا عَبْدِ اللَّهِ ؛ تَوَضَّأْ ، لَعَلَّنَا نَسْأَلُكَ عَنْ آيٍ مِنَ الْقُرْآنِ . فَقَالَ : سَلُونِي ؛ فَإِنِّي لَا أَمَسُّهُ ؛ إِنَّهُ لَا يَمَسُّهُ إِلَّا الْمُطَهَّرُونَ . فَسَأَلْنَاهُ ، فَقَرَأَ عَلَيْنَا قَبْلَ أَنْ يَتَوَضَّأَ . وَالْمَعْنَى قَرِيبٌ . كُلُّهَا صِحَاحٌ

বাংলা

৪৩৭(১০). মুহাম্মাদ ইবনে মাখলাদ (রহঃ) ... আবদুর রহমান ইবনে ইয়াযীদ (রহঃ) থেকে সালমান ফারিসী (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমরা এক সফরে তার সাথে ছিলাম। তিনি (দূরে) গিয়ে প্রাকৃতিক প্রয়োজন সাড়লেন, তারপর ফিরে এলেন। আমি বললাম, হে আবু আবদুল্লাহ! আপনি উযু করুন। আমরা আপনার নিকট কুরআনের কয়েকটি আয়াত সম্পর্কে জিজ্ঞেস করতে চাই। তিনি বলেন, তোমরা আমাকে জিজ্ঞেস করো। আমি তা স্পর্শ করবো না। কেননা পবিত্র ব্যক্তিই কেবল তা স্পর্শ করতে পারে। অতএব আমরা তার নিকট জিজ্ঞেস করলাম। বর্ণনাগুলোর অর্থ মোটামুটি একই এবং সবগুলো বর্ণনাই সহীহ।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুর রহমান ইবন ইয়াযীদ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80226

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন